



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

তারিখ : ১৫/১০/২০১৯

পত্র-নং : ৭২৩


বিষয় : ২০১৯ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার উত্তরপত্র প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৯ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার উত্তরপত্র প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনই ঢাকা শিক্ষা বোর্ডে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে তিনি নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপদ হেফাজতে প্রেরণের ব্যবস্থা করতে হবে অথবা সময় উল্লেখ করে রেলওয়ে পার্শ্বলে ঐ দিনই প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে অথবা রেলওয়ে পার্শ্বলে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষার শেষে সময় উল্লেখপূর্বক উত্তরপত্র ভর্তি বস্তা/ প্যাকেট/ বাস্তব সিল গালা করে থানা হেফাজতে মালখানায় রাখতে হবে এবং নিম্নে উল্লিখিত তারিখসমূহে থানার মালখানা থেকে (সময় উল্লেখপূর্বক) বের করে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় নিরাপদ হেফাজতে তিনি নিজে অথবা কোন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক (পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

## উত্তরপত্র প্রেরণের তারিখ

প্রথম কিস্তি : ০৮/১১/২০১৯, শুক্রবার (বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইসলাম ও নৈতিক শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়)

দ্বিতীয় কিস্তি : ১২/১১/২০১৯, মঙ্গলবার (গণিত ও বিজ্ঞান)




প্রফেসর মোঃ আবুল বাশার  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৬৯৮১৫

প্রাপক : কেন্দ্র সচিব,  
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা ২০১৯ এর সকল কেন্দ্র

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। অফিস কপি



মোহাম্মদ রফিকুল ইসলাম  
উপ পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৫৮৬১০০৭১